গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবগঞ্জ, বগুড়া।
(Shibganj.bogra.gov.bd)

স্মারক নং- ০৫.৫০.১০৫৪.০০০.০৯.০০৪.২৩-৬০

তারিখ ঃ ৬০ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১৪ জানুয়ারি ২০২৩ খ্রি.

## সরকারি জলমহাল ইজারার আবেদনপত্র আহবান বিজ্ঞপ্তি

এতদ্বারা শিবগঞ্জ উপজেলাধীন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী শিবগঞ্জ উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহালসমূহ শর্তসাপেক্ষে বাংলা ১৪৩০ সনের ০১ বৈশাখ হতে ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ী ইজারা প্রদানের লক্ষ্যে মৎস্যজীবি সমবায় সমিতির নিকট থেকে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইনে আবেদন সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবগঞ্জ ও উপজেলা ভূমি অফিস শিবগঞ্জ, বগুড়া এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

### ক্যালেন্ডার

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ০৬ মাঘ থেকে ২৫ মাঘের মধ্যে | অনলাইন আবেদন দাখিল |
| ০২ | ২৬ মাঘ থেকে পরবর্তী ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৩ | ০৬ ফাল্গুনের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই বাছাই। |
| ০৪ | ১৫ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন |
| ০৫ | ২৯ ফাল্গুনের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক অনুমোদন। |
| ০৬ | ০৭ চৈত্রের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৭ | ২৩ চৈত্রের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৮ | ০১ বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

শর্তাবলীঃ

১। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি এবং ব্যাংক এ্যাকাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও নিবন্ধন সনদসহ ফরমে উল্লিখিত অন্যান্য সকল তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। কোন মৎস্যজীবী সমিতি কার্যকরী আছে কিনা তার জন্য নিবন্ধনকারী অধিদপ্তরের প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে। আবেদনপত্র অসম্পূর্ণ থাকলে তা বাতিল হবে। কোন অনিবন্ধিত সমিতি/সংগঠন আবেদন করতে পারবে না।

২। বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্যের সাথে ৫% অর্থ বৃদ্ধিতে সরকারি মূল্য নির্ধারণ করা হবে। উল্লেখ্য সরকারি মূল্যের চেয়ে কম মূল্যে ইজারা দেয়া হবে না।

৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি/২০০৯ অনুযায়ী শুধুমাত্র নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে

৪। সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই কেবল সেই সমিতি আবেদন জমা দেয়ার উপযুক্ত বলে বিবেচিত হবে

চলমান পাতা-২-

CamScanner

৫। মৎস্যজীবী সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না। আবেদনকারী সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী কিনা এবং নিবন্ধনকৃত কিনা তা উপজেলা সমবায় অফিসার/উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক প্রত্যয়নপত্র সংগ্রহ করে আবেদনের সাথে দাখিল করতে হবে।

৬। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুটির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত পাবে না।

৭। ইজারার মেয়াদ বাংলা ১৪৩০ সনের ০১ বৈশাখ হতে বাংলা ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য বলবৎ থাকবে।

৮। উপরে বর্ণিত যে কোন পর্যায়ে কোন জলমহালের অনুকূলে প্রাপ্ত কোন আবেদনপত্র সন্তোষজনক বলে গৃহীত হলে পরবর্তী পর্যায়ে সে জলমহালের জন্য আর কোন আবেদন ফরম বিক্রি করা হবে না। নির্ধারিত তারিখে কোন কারণে যদি সরকারি ছুটি ঘোষণা করা হয় তবে ছুটির পরদিন হতে আবেদন বিক্রি বা গ্রহণের তারিখ ও সময়সূচি প্রযোজ্য হবে।

৯। সরকারি মূল্যের ২০% অর্থ উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়ার অনুকূলে সরকারি তফসিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে আবেদপত্রের সাথে জমা দিতে হবে এবং ৫০০/-(পাঁচশত) টাকার পে-অর্ডার আবেদন ফি বাবদ জমা দিতে হবে। প্রত্যেক আবেদনকারী সমিতিকে আবেদনের সাথে আবেদনকারীর ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। জামানতের ২০% অর্থ শেষ বছরের মূল্যের সাথে সমন্বয় করা হবে।

১০। দরপত্র গৃহীত হওয়ার ০৭(সাত) দিনের মধ্যে প্রথম বছরের সমুদয় ইজারামূল্যসহ ১৫% অর্থ মূল্য সংযোজন কর ও ১০% অর্থ আয়কর পরিশোধ করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে।

১১। ইজারা প্রদত্ত জলমহালের সম্পূর্ণ অর্থ পরিশোধ করার ০৭(সাত) দিনের মধ্যে প্রত্যেককে নিজ দায়িত্বে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাপ্রদানকারী কর্তৃপক্ষের সাথে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস হতে আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল গ্রহণ করতে হবে।

১২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক আবেদনপত্র চূড়ান্তভাবে অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৩। ইজারাদার কর্তৃক কোন অবস্থাতেই ইজারাকৃত জলমহালের সম্পূর্ণ বা আংশিক কাহারও নিকট হস্তান্তর বা সাব-লীজ প্রদান করা যাবেনা। অনুরূপ অভিযোগ প্রমাণিত হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতসহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীত সমিতি পরবর্তী ০৩ (তিন) বছর কোন ইজারার জন্য আবেদন করতে পারবে না।

১৪। আবেদনপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত জলমহালের ইজারা গ্রহীতা সমিতির অনুকূলে আলাদাভাবে পত্রজারি করা হবে ও অনুমোদিত সমিতির তালিকা অফিসের নোটিশ বোর্ডে লটকানো হবে।

১৫। ইজারা প্রদানে বিলম্বের জন্য ইজারার অর্থ আংশিক বা হারাহারিভাবে প্রদেয় হবে না অথবা খাসে আদায়কৃত অর্থও ইজারাদারকে প্রদান করা হবে না।

১৬। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া বরাবরে দাখিল করতে হবে। আবেদনপত্রের খামে জলমহালের নাম ও ক্রমিক সংখ্যা উল্লেখ করতে হবে।

১৭। মাছ ধরার ক্ষেত্রে বিদ্যমান আইনসমূহ এবং বিভিন্ন সময় জারিকৃত সরকারি প্রজ্ঞাপন অনুসরণ ইজারাদারের জন্য বাধ্যতামূলক হবে।

১৮। উর্ধ্বতন সরকারি কর্মকর্তা, জলাশয় ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময় জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে ইজারা গ্রহীতা বাধ্য থাকবেন।

১৯। বৎসরের যে সময়েই ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা ০১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ হতে কার্যকর বলে গণ্য হবে।

২০। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ৩০(ত্রিশ) দিনের নোটিশ প্রদান করে ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২১। ইজারা গ্রহীতা সমিতি/সংগঠন জলমহালের আয়তন হ্রাস-বৃদ্ধি করতে পারবে না এবং জলাশয়ের সীমানা অক্ষুণ্ন রাখতে হবে।

২২। জলমহালের পাড়সহ সীমানার ভেতরে কোন ধরনের অবকাঠামো নির্মাণ করা যাবে না।

২৩। মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন এর কোন জঙ্গী সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে বা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতির অনুকূলে জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

CamScanner

২৪। সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/মৎস্যজীবী সমিতি এবং বিজ্ঞপ্তি মোতাবেক সমাজভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনা অনুসরণে, কেবলমাত্র সংশ্লিষ্ট জলমহালের চারিপার্শ্বে বসবাসরত (ক) বেকার যুবক (খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান (গ) যুব মহিলা (ঘ) বিধবা ও স্বামী পরিত্যাক্তা (ঙ) আনসার ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য (চ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতি আবেদন করতে পারবেন।

২৫। জলমহাল সরেজমিনে পরিদর্শনপূর্বক দরপত্র দাখিল করবেন অন্যথায় পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

(উম্মে কুলসুম সম্পা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা খাসবদ্ধ জলমহাল ইজারা প্রদান কমিটি
শিবগঞ্জ, বগুড়া

স্মারক নং-০৫.৫০.১০৯৪.০০০.০৯.০০৪.২২. ৫০(১০০) তারিখ ঃ ১৪ জানুয়ারি ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৩৭-বগুড়া-২ (শিবগঞ্জ)।
০২। জেলা প্রশাসক, বগুড়া।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বগুড়া।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, বগুড়া।
০৫। উপজেলা নির্বাহী অফিসার,............................................ (সকল), বগুড়া।
০৬। মেয়র, শিবগঞ্জ পৌরসভা, বগুড়া।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০৭। সহকারী কমিশনার (ভূমি), শিবগঞ্জ, বগুড়া ও সদস্য সচিব, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি। বিজ্ঞপ্তিটি ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের মাধ্যমে বহুল প্রচার করার জন্য তাকে অনুরোধ করা হলো।

০৮। উপজেলা ................................................কর্মকর্তা (সকল), শিবগঞ্জ, বগুড়া। তাঁকে তার কার্যালয়ের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি ঝুলাইয়া বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৯। চেয়ারম্যান,..........................................ইউপি (সকল), শিবগঞ্জ, বগুড়া। বিজ্ঞপ্তটি তার এলাকার হাট-বাজারে ঢোল-শহরতের মাধ্যমে এবং নোটিশবোর্ডে ঝুলাইয়া বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১০। বার্তা সম্পাদক, **দৈনিক করতোয়া, বগুড়া**। তাঁকে আগামী ১৫ জানুয়ারি ২০২৩ খ্রি. তারিখে বিজ্ঞপ্তিটি ভিতরের পাতায় স্বল্প পরিসরে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

১১। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবগঞ্জ, বগুড়া।

উপজেলা নির্বাহী অফিসার
শিবগঞ্জ, বগুড়া।

CamScanner